অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) নিউ ইয়র্কের কৃষি ইন্ডাস্ট্রি মজবুত ও উন্নত করতে উদ্যোগ ঘোষণা করলেন

প্রস্তাবনাগুলি নিউ ইয়র্কের ডেইরি ইন্ডাস্ট্রিকে সমর্থন করবে, গত বছরের রেকর্ড বিনিয়োগকে অগ্রসর করবে

স্থানীয় খাদ্য সাপ্লাই চেইনকে নিশ্চিত করবে এবং নিউ ইয়র্কের স্থানীয় খাদ্য ব্যবস্থা জোরদার করবে

ফার্মের কর্মীদের জন্য সাশ্রয়ী হাউজিং বাড়াবে যাতে নিজেদের ওয়ার্কফোর্সকে আরো নিরাপদ, আরো স্বাস্থ্যকর হাউজিং দিতে ফার্মগুলিকে সাহায্য করা যায়

নিউ ইয়র্ককে ফাইবার এবং ম্যাপল উৎপাদনের ক্ষেত্রে আঞ্চলিক নেতার অবস্থানে স্থাপন করবে

ফার্মল্যান্ড সুরক্ষিত রেখে এবং নিউ ইয়র্কের স্কুলগুলিতে কৃষি শিক্ষা বাড়িয়ে দিয়ে ভবিষ্যৎ জেনারেশনের জন্য নিউ ইয়র্কের কৃষিকে সমর্থন করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 2025 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে একাধিক মুখ্য প্রস্তাবনা ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কের (New York) কৃষি ইন্ডাস্ট্রিকে উন্নত করবে। গভর্নর ক্রস-কাটিং উদ্যোগের পরিকল্পনা প্রকাশ করেছেন যা ফার্মারদের সমর্থন করবে, ইন্ডাস্ট্রিকে জোরদার করবে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরো দৃঢ় একটি ভবিষ্যতের প্রচার করবে।

"নিউ ইয়র্কের কৃষি ইন্ডাস্ট্রি আমাদের অর্থনীতির মেরুদণ্ড, এবং আমাদের ফার্মার, আমাদের তরুণ এবং আমাদের ভবিষ্যতে আমরা বিনিয়োগ করে যাবো যাতে নিশ্চিত করতে পারি যে আগামী জেনারেশনগুলির জন্য নিউ ইয়র্ক কৃষির একটি প্রাণবন্ত এবং প্রতিযোগিতামূলক শক্তি হতে থাকতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের ডেইরি এবং ম্যাপল উৎপাদনকারীদের সমর্থন করা থেকে শুরু করে স্থানীয় খাদ্য ব্যবস্থা জোরদার করা এবং আমাদের স্কুলগুলিতে কৃষি শিক্ষা বাড়ানো পর্যন্ত, এই উদ্যোগগুলি নিউ ওয়ার্ককে আবিষ্কার, দৃঢ়তা, এবং সুযোগের একটি নেতা হিসেবে স্থাপন করবে।"

কৃষি যে নিউ ইয়র্কের অর্থনীতির একটি ভিত্তিপ্রস্তর তা বুঝতে পেরে গভর্নর Hochul (হোকল) স্টেটের কৃষি কমিউনিটিকে সমর্থন করার জন্য রেকর্ড বিনিয়োগ করেছেন। মুখ্য ইন্ডাস্ট্রিগুলিকে জোরদার করতে, ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করতে, সাস্টেনিবিলিটি বাড়াতে, এবং পুরো স্টেটে অর্থনৈতিক সুযোগ তৈরি করতে গভর্নর Hochul (হোকল) নতুন ধরণের সমাধান এবং টার্গেটেড বিনিয়োগ দিয়ে এই অগ্রগতিকে আরো অগ্রসর করবেন।

স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "নিউ ইয়র্কের ফার্মাররা আমাদের পরিবারকে খাওয়ায়, অর্থনীতির চালনা করে, এবং আমাদের প্রাকৃতিক ল্যান্ডস্কেপকে নিরাপদ রাখে। সহজভাবে বললে, কৃষিতে কোনো বিনিয়োগ করার অর্থ হলো আমাদের জীবনযাত্রায় বিনিয়োগ করা। মুখ্য ক্ষেত্রে নতুন ধরণের কৌশল দিয়ে নিউ ইয়র্কের কৃষিকে অগ্রসর করে যেতে গভর্নর Hochul-এর (হোকল) সাহসী পরিকল্পনার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি যা আমাদের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট এবং কৃষি শিক্ষার লক্ষ্যকে আরো অগ্রসর করবে, আমাদের খাদ্য ব্যবস্থা এবং সাস্টেনিবিলিটি চেষ্টাকে জোরদার করবে, এবং ইন্ডাস্ট্রির বিকাশের জন্য অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার, মার্কেটিং, এবং গবেষণায় বিনিয়োগ করবে। বহু বছরের পরিশ্রমের কারণে আমাদের কৃষি কমিউনিটি অনেক উন্নতই করেছে, এবং আগামী বছরে গভর্নরের পরিকল্পনাগুলি যখন আমরা বাস্তবায়ন করবো তখন এর গতি বাড়তে দেখতে এবং রূপান্তরিত হতে দেখতে আমি আগ্রহী।"

নিউ ইয়র্কের ডেইরি ইন্ডাস্ট্রির সাস্টেনিবিলিটি অগ্রসর করা

নিউ ইয়র্ক হলো দেশের পঞ্চম বৃহত্তম দুধ উৎপাদনকারী স্টেট, এবং নিউ ইয়র্কের কৃষি অর্থনীতির অর্ধেক হলো ডেইরি ফার্মিং দিয়ে গঠিত। কৃষি স্টুয়ার্ডশিপ (agricultural stewardship) প্রোগ্রামগুলিতে গত বছরের 82 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে আরো অগ্রসর করতে গভর্নর Hochul (হোকল) ডেইরি ফার্মে জলবায়ু পরিবর্তনে মুখে টিকে থাকার প্র্যাকটিস নিয়ে গবেষণা ও বাস্তবায়ন করার জন্য আরো তহবিল দেওয়ার প্রস্তাব করেছেন।

স্থানীয় খাদ্য সাপ্লাই চেইন উন্নত করা

কোভিড-19 মহামারী সাপ্লাই চেইনের দুর্বলতা প্রকাশ করেছে, খাদ্যের অ্যাক্সেসকে বাঁধাগ্রস্ত করেছে, এবং নিউ ইয়র্কের স্থানীয় খাদ্য ব্যবস্থা জোরদার করার প্রয়োজনের উপর আলোকপাত করেছে। সাপ্লাই চেইন এবং খাদ্য প্রক্রিয়াজাত করার ক্ষমতাকে আরো বাড়াতে বিগত বছরগুলিতে নিউ ইয়র্কের কাজের উপর ভিত্তি করে গভর্নর Hochul (হোকল) Food and Fiber Small-Scale Processing Grant প্রোগ্রাম প্রতিষ্ঠা করবেন যাতে নিউ ইয়র্কের বহু স্থানীয় ক্রয়ের প্রোগ্রামের জন্য নানা ধরণের পণ্যের সাপ্লাই আরো বাড়ানো যায়। পাশাপাশি, Senior Farmers' Market Nutrition প্রোগ্রামের বেনিফিটও বজায় থাকবে, এবং গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের পুষ্টিকর, স্থানীয়ভাবে উৎপন্ন সীফুডের সাপ্লাই বাড়াবেন।

ফার্মের কর্মীদের জন্য সাশ্রয়ী হাউজিং বাড়ানো

ফার্মের কর্মীদের জন্য নিরাপদ ও সাশ্রয়ী হাউজিং হলো একটি শক্তিশালী ও সাস্টেনেবল কৃষি ইন্ডাস্ট্রি ধরে রাখার জন্য অতি প্রয়োজনীয়। পুরোনো ইন্ফ্রাস্ট্রাকচারের সমাধানে এবং আপডেট হওয়া হাউজিং স্ট্যান্ডার্ডের ব্যাপারে ফার্মারদের সাহায্য করার জন্য গভর্নর Farmworker Housing প্রোগ্রাম তহবিলের জন্য তহবিল বাড়িয়ে দিবেন যাতে নিজেদের ওয়ার্কফোর্সকে আরো

নিরাপদ, আরো স্বাস্থ্যকর হাউজিং দিতে এবং একই সাথে নিজেদের উৎপাদনের লক্ষ্য পূরণ করতে থাকার জন্য ফার্মগুলিকে সাহায্য করা যায়।

নিউ ইয়র্ককে ফাইবার উৎপাদনের ক্ষেত্রে আঞ্চলিক নেতার অবস্থানে স্থাপন করা
যেহেতু ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) অন্যান্য অংশে জাতি ফাইবার সাপ্লাই চেইন একত্রিত হয়েছে, তাই নর্থইস্টার্ন ফার্মাররা তাদের উল এবং অন্যান্য প্রাকৃতিক ফাইবার সামর্থ্যের মধ্যে প্রক্রিয়াজাত ও বাজারজাত করার ক্ষেত্রে বাঁধার মুখোমুখি হয়েছে। নিউ ইয়র্কে এইসব সমস্যা দূর করতে এবং স্টেটের উৎপাদনকারীদেরকে নতুন ক্রেতাদের, যেমন নিউ ইয়র্কের ফ্যাশন ইন্ডাস্ট্রির সাথে সংযুক্ত করার জন্য গভর্নর Hochul (হোকল) মুখ্য বিনিয়োগ করবেন যা নিউ ইয়র্ককে ফাইবার উৎপাদনের ক্ষেত্রে নেতা হিসেবে স্থাপন করবে। এর মধ্যে আছে নিউ ইয়র্কের ফাইবার সর্টিং এবং এগ্রেগেশন সেন্টারের জন্য সেরা অবস্থান এবং সবথেকে সাস্টেনেবল অপারেটিং মডেল বের করা।

একটি ম্যাপল ইন্ডাস্ট্রি বিকাশ কৌশল
দেশে রস বের করার যোগ্য ম্যাপল গাছের সবথেকে বড় উৎসের অবস্থান হিসেবে নিউ ইয়র্ক জাতীয় সিরাপ উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় অবস্থানে আছে এবং এখানে 2,000-এর বেশি চিনি প্রস্তুতকারক আছে। গত বছর গভর্নর Hochul (হোকল) Great New York State Fair-এ তিনটি বিলে সাইন করেছেন যাতে নিউ ইয়র্কের কৃষি ইন্ডাস্ট্রিকে জোরদার করা যায়, এর মধ্যে ছিলো নতুন একটি আইন যা স্টেটের জমিকে স্যাপ উৎপাদনের জন্য লীজ দেওয়ার অনুমতি দেওয়া হয়েছে। মার্কেটিং এবং গবেষণায় বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্কের ম্যাপল ইন্ডাস্ট্রিতে স্টেটের সমর্থন গভর্নর আরো বাড়াবেন, যা নিউ ইয়র্ককে ম্যাপল আবিষ্কারের ক্ষেত্রে শীর্ষ স্থানে যেতে সাহায্য করবে।

নিউ ইয়র্কের ফার্মল্যান্ডকে সুরক্ষিত রাখা
U.S. এর কৃষির একটি দুশ্চিন্তা করার মতো ধারা আউটলাইন করেছে 2022 Census of Agriculture: অপেক্ষাকৃত কম ফার্ম, ফার্মল্যান্ড কমে যেতে থাকা, এবং অপেক্ষাকৃত বড় গড় ফার্মের আকার। নিউ ইয়র্কও এইসব সমস্যার মুখোমুখি হচ্ছে। যদিও 2023 সালে 100,000 একরের বেশি সুরক্ষিত ফার্মল্যান্ড পাওয়ার দুর্দান্ত মাইলফলক স্টেট অর্জন করেছে, তবে নিউ ইয়র্কের ফার্মল্যান্ডের একটি উল্লেখযোগ্য অংশ অরক্ষিতই আছে।

ভবিষ্যৎ জেনারেশনগুলির জন্য নিউ ইয়র্কের কৃষি খাতকে সমর্থন করার জন্য হারানো ফার্মল্যান্ড খুঁজে পাওয়া উন্নত করতে, এবং নিউ ইয়র্কের কমিউনিটি-নেতৃত্বের ল্যান্ড ট্রাস্টের নেটওয়ার্কের ধারণক্ষমতা বাড়াতে গভর্নর Hochul (হোকল) বিনিয়োগ করবেন।

নিউ ইয়র্কের স্কুলগুলিতে কৃষি শিক্ষা বাড়ানো
কমবয়সী মানুষদের স্থানীয় কৃষির গুরুত্ব এবং খাদ্য ব্যবস্থার সাথে দ্রুত পরিচয় করিয়ে দেওয়া হলো ভবিষ্যতের কৃষি নেতাদের একটি পাইপলাইন বানানোর জন্য অতি গুরুত্বপূর্ণ। পুরো নিউ ইয়র্কজুড়ে নিউ ইয়র্ক স্টেটের 400-এর বেশি কৃষি শিক্ষক আছেন। স্টেট পুরো স্টেটে Minorities in Agriculture, Natural Resources, and Related Sciences (MANRRS) চ্যাপ্টার যোগ করছে, যার মধ্যে আছে কুইন্সের (Queens) John Bowne High School-এ প্রথম জুনিয়র চ্যাপ্টার, এবং স্টেটের প্রত্যেক কোণার প্রায় 200,000 জন 4-H স্টুডেন্ট এর অংশ। নিউ

ইয়র্কের Future Farmers of America (FFA) অন্য যেকোনো স্টেটের থেকে বেশি দ্রুত বিকশিত হচ্ছে এবং বর্তমানে তারা তাদের 100 বছর পূর্তি উদযাপন করছে।

এইসব সাফল্যকে অগ্রসর করতে এবং আরো কৃষি শিক্ষার অ্যাক্সেস দিতে গভর্নর Hochul (হোকল) পাবলিক স্কুলের কারিকুলামে কৃষি শিক্ষা যোগ করাকে সমর্থন করবেন, যা নিশ্চিত করবে যাতে স্টুডেন্টরা মূল্যবান জ্ঞান এবং হাতে কলমের অভিজ্ঞতা অর্জন করতে পারে। সফল New York Agriculture in the Classroom প্রোগ্রামের জন্য নতুন তহবিল নিশ্চিত করবে যাতে সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় রিসোর্স ও সহায়তা শিক্ষকদের কাছে থাকে।

থরোব্রেড রেসিংয়ের জন্য আধুনিক ইনজুরি সনাক্ত করার ব্যবস্থা করা
নিউ ইয়র্কের অর্থনীতিতে নিউ ইয়র্কের ঘোড়া পালনের ইন্ডাস্ট্রির আনুমানিক 7 বিলিয়ন মার্কিন ডলার প্রভাব আছে এবং এটি মোট 52,300টি চাকরিকে সমর্থন করে। থরোব্রেড এবং স্ট্যান্ডার্ডব্রেড রেসিং ইন্ডাস্ট্রিগুলি এই খাতের গুরুত্বপূর্ণ অংশ।

থরোব্রেড রেসিংয়ের ক্ষেত্রে স্টেটের ঘোড়াদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট আধুনিক মেডিকেল ইমেজিং এবং স্ক্রিনিং প্রটোকলে বিনিয়োগ করবে যা থরোব্রেড রেসিংয়ের জন্য আধুনিক ইনজুরি সনাক্ত করার ব্যবস্থা করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন